PG Odd Semester Examination, 2022

BENGALI

(1st Semester)

Course No.: BNGCC-104

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

The figures in the right margin indicate full marks for the question.

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১. চর্যার মোট পদ সংখ্যা কত? গ্রন্থটি কে কোথা থেকে আবিষ্কার করেন? চর্যায় সমকালীন বাঙালি সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো। ১+১+১২=১৪

২. চর্যায় মোট কতজন কবির নাম পাওয়া যায়। চর্যার ভাষাকে কী ভাষা বলা হয়? তোমার পঠিত যেকোনো একটি পদ অবলম্বনে চর্যার ভাষার তাৎপর্য ও স্বরূপ বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

খ-গুচ্ছ

৩. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কে কোথা থেকে আবিষ্কার করেন? শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে রাধাচরিত্রের ক্রমবিবর্তনের স্বরূপটি যুক্তিযুক্ত কিনা আলোচনা করো। ২+১২=১৪

৪. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে মোট কয়টি খণ্ড? শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে পৌরাণিক ও লৌকিক উপাদানের অপূর্ব সমন্বয় ঘটেছে আলোচনা করো। ২+১২=১৪

গ-গুচ্ছ

৫. বৈষ্ণব পদাবলীর আদি কবি কাকে বলা হয়? অভিসারের সংজ্ঞা ও স্বরূপ বিশ্লেষণ করে এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার পরিচয় দাও। ২+৫+৭=১৪

৬. চণ্ডীদাস বৈষ্ণব পদাবলীর কোন পর্যায়ের শ্রেষ্ঠ কবি? প্রেমবৈচিত্র্য বলতে কী বোঝ? প্রেমবৈচিত্র্য ও আক্ষেপানুরাগের পার্থক্য নিরূপণ করে এই পর্যায়ের পদকর্তাদের পরিচয় দাও। ১+৩+১০=১৪

ঘ-গুচ্ছ

৭. 'ইউসুফ জোলেখা' কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়? এই কাব্যটির রচনাকাল সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ১+১৩=১৪

৮. এনামুল হক লিখিত শাহ মুহম্মদ সগীর ও তাঁর কাব্য বিষয়ক প্রথম প্রবন্ধটি কোন পত্রিকায় প্রকাশিত হয়? এই কাব্যের মূলভাব অবলম্বনে জোলেখা চরিত্রটি বিশ্লেষণ করো। ২+১২=১৪

ঙ-গুচ্ছ

৯. চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের নাম উল্লেখ করো। 'এই কাব্যকে ষোড়শ শতকের সমাজ দর্পণ বলা হয়।'— পর্যালোচনা করো। ১৪

১০. চণ্ডীমঙ্গল কাব্যের আদি কবি কে? এই কাব্যে নিহিত নারীজীবনের যে পরিচয় রয়েছে তার পরিচয় দাও। ১+১৩=১৪

****